দৈনিক বাংলা ১৪৪

তারিখ 07 MAR 1986
পৃষ্ঠা ... কলাম ...

# সারা দেশে এসএসসি পরীক্ষা নির্বিঘ্নে শুরু



বৃহস্পতিবার আজিমপুরে কেন্দ্রে ছাত্রীরা পরীক্ষা দিচ্ছে —দৈনিক বাংলা

।। স্টাফ রিপোর্টার ।।

দেশের চারটি মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে গতকাল শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। দেশের মোট ৫শ ৬৯টি কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হচ্ছে।

মোট ৩ লাখ ৬৯ হাজার ৯শ ৬০ জন প্রার্থী এ বছর পরীক্ষা দিচ্ছে। এর মধ্যে ১ লাখ ৮ হাজার ৮শ ৯৫ জন মহিলা রয়েছেন।

কতিপয় কেন্দ্রে ছোটখাট দু একটি ঘটনা ছাড়া পরীক্ষার প্রথম দিন শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়েছে বলে এখানে প্রাপ্ত খবরে জানা গেছে। বড় ধরনের কোন গোলমাল কোথাও হয়নি।

শিক্ষামন্ত্রী প্রফেসর এম এ মতিন, তথ্য প্রতিমন্ত্রী জনাব আনোয়ার জাহিদ, শিক্ষা উপমন্ত্রী জনাব জিয়াউদ্দীন আহমদ বাবলু, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ডের চেয়ারম্যানকে সঙ্গে নিয়ে ঢেকা মহানগরীর কতিপয় কেন্দ্র পরিদর্শন করেন। তাঁরা সর্বত্র পরিস্থিতি শান্ত দেখতে পান।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

দৈনিক বাংলা

তারিখ 07 MAR 1986
পৃষ্ঠা ... কলাম ...



মাধ্যমিক পরীক্ষার প্রথম দিনে বৃহস্পতিবার সেন্ট ফ্রান্সিস স্কুলে অভিভাবকদের ভিড় —দৈঃ বাঃ

## এসএসসি পরীক্ষা শুরু

(১ম পৃঃ পর)

শিক্ষার মহাপরিচালকও কতিপয় পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

এখানে প্রাপ্ত সংবাদে জানা গেছে যে খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট ও মানিকগঞ্জসহ দেশের কয়েকটি স্থানে বেসরকারী হাই স্কুলের শিক্ষকরা পরীক্ষা পরিচালনা করেন।

গতকাল রাজধানীর ৪১টি কেন্দ্রের সবকটি ছিল শান্ত। কোথাও তেমন কোন গোলযোগ হয়নি। প্রত্যেক পরীক্ষা কেন্দ্রের বাইরে অসংখ্য অভিভাবককে অধীর আগ্রহে অপেক্ষা করতে দেখা গেছে।

গতকাল ছিল বাংলা প্রথম ও দ্বিতীয় পর্বের পরীক্ষা। প্রশ্নপত্র অধিকাংশ পরীক্ষার্থীর জানাশুনার মধ্যে এসেছে। ফলে প্রশ্নপত্র নিয়ে পরীক্ষার্থীদের মধ্যে তেমন অসন্তোষ ছিল না। টোকাটুকিও হয়নি তেমন।

যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানান, একমাত্র বাদুরীপাড়া ও বাইছারী কেন্দ্র ছাড়া এই বোর্ডের ১৪১টি কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সাতক্ষীরা, বাগেরহাট ও খুলনা জেলায় বেসরকারী হাইস্কুলের শিক্ষকরা পরীক্ষা পরিচালনা করেছেন। এই বোর্ডের অধীনে কয়েকটি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ২৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**খুলনা**

আমাদের নিজস্ব প্রতিনিধি জানান পরীক্ষার প্রথম দিনে গতকাল এখানে বিভিন্ন কেন্দ্রে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন হয়েছে।

খুলনার বিভিন্ন কেন্দ্র থেকে ... এক হাজার আটশ চল্লিশ পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

আমাদের নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন যে কুষ্টিয়ার ৭টি কেন্দ্রে পরীক্ষা শান্তিপূর্ণভাবে গতকাল অনুষ্ঠিত হয়েছে। এসব কেন্দ্র থেকে এবার দু হাজার ১৪ জন পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে।

**ভোলা**

ভোলা থেকে আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে দৌলতখান কেন্দ্র ছাড়া অন্যান্য কেন্দ্রে শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। দৌলতখান কেন্দ্রে ... শিক্ষক ...দের একটি মিছিল পরীক্ষার্থীদের বাধা দিতে গেলে পুলিশের সঙ্গে তাদের সংঘর্ষ ঘটে। এতে দুজন পুলিশসহ ৬ জন আহত হয়।

**ভেড়ামারা**

আমাদের নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন যে ভেড়ামারার বিভিন্ন কেন্দ্রে গতকাল সাতশ এক জন পরীক্ষার্থী নির্বিঘ্নে পরীক্ষায় অংশ নিয়েছে। তিনজন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

**টাংগাইল**

নিজস্ব সংবাদদাতা জানান যে, জেলা সদরসহ ১১টি উপজেলার ১৩টি কেন্দ্রে ও ৪টি উপকেন্দ্রে গতকাল সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন হয়েছে।

এসব কেন্দ্রের ১৩ হাজার ৫শ ৭৭ জন পরীক্ষার্থীর মধ্যে গতকাল ১শ ২৪ জন অনুপস্থিত ছিল। একজন পরীক্ষার্থীকে কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়।

**মানিকগঞ্জ**

মানিকগঞ্জের ৭টি উপজেলার ৮টি কেন্দ্রে গতকাল শান্তিপূর্ণভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে বলে আমাদের নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন।

ঘিওর কেন্দ্র থেকে একজন পরীক্ষার্থীকে কাল বহিষ্কার করা হয়।

শিবালয় ও হরিরামপুর উপজেলার ৩টি কেন্দ্রে গতকাল বেসরকারী মাধ্যমিক শিক্ষকগণই পরীক্ষা পরিচালনায় অংশ নেন।

**চাপাই নওয়াবগঞ্জ**

নিজস্ব সংবাদদাতা গতকাল জানান যে উপজেলার আদিনা, নাচোল ও বলারহাট কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

তবে রোহনপুর কেন্দ্রে বিক্ষোভকারীদের গোলযোগের জন্যে গতকাল পরীক্ষা অনুষ্ঠিত হতে পারেনি। পুলিশ বিক্ষোভকারীদের হটাতে গুলি ছোড়ে। এতে ৯ জন আহত হয়। ৩ জনকে রাজশাহী হাসপাতালে পাঠানো হয়েছে।

বিক্ষোভকারীরা কাল একটি গাড়িতে আগুন লাগিয়ে দেয় ও অন্য একটি গাড়ির ক্ষতিসাধন করে।

**রাজবাড়ি**

রাজবাড়ির নিজস্ব সংবাদদাতা জানান যে রাজবাড়ি সদর গোয়ালন্দ পাংশা ও বালিয়াকান্দি উপজেলার ৮টি কেন্দ্রে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে প্রথম দিনের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। জেলায় মোট দু হাজার ৯৮৬ জন পরীক্ষার্থীর মধ্যে গতকাল ১৬ জন অনুপস্থিত ছিল।

**ঈশ্বরদী**

আমাদের নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন যে পরীক্ষার আগে ঈশ্বরদী পরীক্ষা কেন্দ্রে ৪টি বোমা বিস্ফোরিত হলেও যথারীতি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

তবে লালপুর উপজেলা পরীক্ষা কেন্দ্রে গোলযোগ সৃষ্টির দায়ে একজন শিক্ষকসহ ৬ জনকে গ্রেফতার করা হয়।

**বরিশাল**

আমাদের নিজস্ব সংবাদদাতা গত রাতে জানান যে বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে এসএসসি পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। তবে আগের রাতে শহরের বিভিন্ন জায়গায় ১০।১২টি বোমা বিস্ফোরিত হয়।

গতকাল ধর্মঘটী শিক্ষকগণ একটি মিছিল বের করেন। পুলিশ মিছিলকারীদের হটাতে লাঠিচার্জ করলে ১৫ জন আহত হয়। পুলিশ ৪ জনকে গ্রেফতার করে।

**দিনাজপুর**

আমাদের নিজস্ব প্রতিনিধি জানিয়েছেন যে দিনাজপুরের ১৩টি উপজেলার ১৭টি কেন্দ্রে এসএসসি পরীক্ষা গতকাল শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়।

**পাবনা**

আমাদের নিজস্ব প্রতিনিধি পাবনা থেকে জানিয়েছেন যে ৯টি উপজেলার ১৫টি কেন্দ্রের মধ্যে ৩টি কেন্দ্রে পরীক্ষা দিয়ে গতকাল গোলযোগের সৃষ্টি হলেও সব কেন্দ্রেই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

**যশোর**

আমাদের নিজস্ব সংবাদদাতা জানান যে যশোর শিক্ষা বোর্ডে গতকাল পরীক্ষার প্রথম দিনে বিভিন্ন কেন্দ্র থেকে ২১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। পরীক্ষা বিভিন্ন কেন্দ্রে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয় বলে তিনি জানিয়েছেন।

তিনি আরো জানান যশোর শিক্ষা বোর্ড দাবী করেছে যশোরের অধিকাংশ ধর্মঘটী শিক্ষকই পরীক্ষা নিয়ন্ত্রণে অংশ নিয়েছেন।

**বগুড়া**

নিজস্ব প্রতিনিধি জানান যে উপজেলার ১৭টি কেন্দ্রের ৬টিতে গোলমাল হলেও যথারীতি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ... গোলযোগের দায়ে পুলিশ বগুড়া শহর থেকে তিনজন ... শিক্ষককে ... রাজশাহী ...